

PRINT

# সমক্ষ

## ফরম পূরণের দাবি পাটিয়া কলেজে শিক্ষার্থীদের ভাংচুর

১৩ ঘন্টা আগে

### পাটিয়া (চট্টগ্রাম) প্রতিনিধি

চট্টগ্রামের পাটিয়া উপজেলার মুজাফফরাবাদ কলেজে গতকাল সোমবার নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য উচ্চ মাধ্যমিক (এইচএসসি) শিক্ষার্থীরা ফরম পূরণের দাবিতে কলেজে ভাংচুর, বিক্ষোভ ও লাঠিসোটা নিয়ে শোডাউন করেছে। পরে পাটিয়া থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের পার্শ্ববর্তী পাটিয়া উপজেলার মুজাফফরাবাদ কলেজে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষার্থীদের ফরম পূরণের শেষ তারিখ ছিল গতকাল। এ কলেজে ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের ৩৯৪ পরীক্ষার্থী এবারে অনুষ্ঠিত হতে যাওয়া এইচএসসি পরীক্ষায় ফরম পূরণ করে। তাদের মধ্যে নিয়মিত ও অনিয়মিত ১০৬ পরীক্ষার্থী বিভিন্ন বিষয়ে ফেল করায় ফরম পূরণ করতে পারেন। গতকাল ফেল করা শতাধিক শিক্ষার্থী কলেজে বিভিন্ন স্লোগান ও বিক্ষোভ করতে থাকে। পরে এক পর্যায়ে তারা কলেজের আইসিটি ভবনের গ্লাস ভাংচুর ও লাঠিসোটা নিয়ে শোডাউন করতে থাকে। পরে পাটিয়া থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ বিষয়ে জানতে চাইলে কলেজ অধ্যক্ষ আবু সৈয়দ জানান, 'এবারে অনুষ্ঠিত হতে যাওয়া এইচএসসি পরীক্ষায় ৩৯৪ পরীক্ষার্থী ফরম পূরণ করেছে। যারা আন্দোলন করছে তারা দুইয়ের অধিক বিষয়ে ফেল করেছে। তারা আন্দোলনের নামে কলেজের ক্লাসরুমের গ্লাস ভাংচুর ও লাঠিসোটা নিয়ে শোডাউন করেছে। এ ধরনের ঘটনার আশঙ্কায় আমরা পাটিয়া থানাকে গত ১৫ ডিসেম্বর লিখিত অভিযোগ করেছিলাম। তবে থানা আমাদের কোনো ধরনের রিসিভ কপি দেয়নি। পরে আমরা পুলিশকে খবর দিলে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

পাটিয়া থানার উপ পরিদর্শক বাসু দেবনাথ জানান, আন্দোলনের নামে কিছু শিক্ষার্থী বিশ্রামে করলে

পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাণ সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)